ভোরের কাগজ

তারিখ 14 OCT 2002
পৃষ্ঠা … কলাম …

# ইবিতে সিলেবাসে অন্তর্ভুক্ত থাকলেও শিক্ষার্থীরা ইন্টারনেট সুবিধা পাচ্ছে না

**ইবি সংবাদদাতা** : ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট সার্ভিস বাদেই কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি ও ইনফরমেশন সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগের প্রথম ব্যাচের শিক্ষা কার্যক্রম শেষ হতে চলেছে। অথচ তাদের সিলেবাস ও পাঠপুস্তকের বিষয়বস্তুতে ইন্টারনেট বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। ভুক্তভোগী ছাত্রছাত্রীরা ইন্টারনেট সংযোগের দাবিতে একাধিকবার মিছিল সমাবেশ ও উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদন জানালেও কোনো ফল হয়নি।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে দেশের সব সরকারি বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট সংযোগ দেওয়ার কথা। এ লক্ষ্যে ইবিতে ইন্টারনেট সংযোগের জন্য কিছু যন্ত্রপাতি কেনা হলেও রহস্যজনকভাবে সেইগুলো কেন্দ্রীয় লাইব্রেরি থেকে চুরি হয়ে যায়। তারপর থেকে এই বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট সংযোগ নেওয়ার কার্যক্রম ঝিমিয়ে পড়ে। এই বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের ছাত্রছাত্রীদের কাছে জানতে চাওয়া হলে তারা তাদের শিক্ষা কার্যক্রমের অংশ ইন্টারনেট সম্পর্কে অজ্ঞতার জন্য দারুণ হতাশা প্রকাশ করে এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের কঠোর সমালোচনা করে। শিক্ষার্থীরা বলে, যখন সারা বিশ্বে তথ্যপ্রযুক্তির বিপ্লব চলছে তখন কেন এই গুরুত্বপূর্ণ বিষয়ে কর্তৃপক্ষ উদাসীন তা তাদের বোধগম্য নয়। তারা আরো বলে, কর্তৃপক্ষ গুরুত্বহীন উচ্চাভিলাষী বিভিন্ন খাতে বিপুল অংকের অর্থ ব্যয় করলেও গুরুত্বপূর্ণ এই খাতে কোনো অর্থ বরাদ্দ করেনি।